ভারতের সংবিধানের প্রস্তাবনা
(Preamble to the Constitution of India)

সংবিধান হল রাষ্ট্রের সর্বোচ্চ আইন, প্রস্তাবনা হল এই সংবিধানের মুখবন্ধ বা ভূমিকা বিশেষ। যেকোনো গ্রন্থের শুরুতে ভূমিকার সংযোজন একটি পারম্পরিক রীতি, এই ভূমিকার মাধ্যমে গ্রন্থকার গ্রন্থের বিষয়বস্তু সম্পর্কে পাঠকদের অবহিত করেন, এই ভূমিকার মাধ্যমে পাঠককুল গ্রন্থরচনার উদ্দেশ্য, গ্রন্থের বিষয়বস্তু সম্পর্কে অবগত হন, তবে এই ভূমিকা গ্রন্থের মূল অংশের অন্তর্ভুক্ত নয়, সংবিধানের ক্ষেত্রে ও এই একই কথাই প্রযোজ্য, প্রত্যেক রাষ্ট্রের সংবিধান সেই দেশের অর্থনৈতিক সামাজিক কাঠামো, এবং কিছু আদর্শ ও নীতির প্রতিফলন ঘটে। একে সংবিধানের দার্শনিক ভিত্তি বলে, প্রস্তাবনায় সংবিধানের এই দার্শনিক ভিত্তির পরিচয় পাওয়া যায়।

ভারতের সংবিধানের প্রস্তাবনাটি বিবৃত করা হল, —

WE, THE PEOPLE OF INDIA having solemnly resolved to constitute India into a SOVEREIGN SOCIALIST SECULAR DEMOCRATIC REPUBLIC and to secure to all its citizens

JUSTICE, social, economic and political;
LIBERTY of thought; expression, belief, faith and worship;
EQUALITY of status and of opportunity and to promote among them all,
FRATERNITY assuring the dignity of the individual and the unity and integrity of the Nation
IN OUR CONSTITUENT ASSEMBLY this twenty-sixth day of November, 1949, do HEREBY. ADOPT, ENACT AND GIVE TO OURSELVES THIS CONSTITUTION.

আমরা ভারতের জনগণ, ভারতকে একটি সার্বভৌম সমাজতান্ত্রিক ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক সাধারণতন্ত্র রূপে গড়ে তুলতে সত্যনিষ্ঠার সাথে শপথ গ্রহণ করছি এবং তার নাগরিকদের জন্য সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক ন্যায়বিচার; চিন্তা, মতপ্রকাশ, বিশ্বাস, ধর্ম ও উপাসনার স্বাধীনতা; মর্যাদা ও সুযোগ সুবিধার সমতাপ্রতিষ্ঠা এবং তাদের সকলের মধ্যে

Scanned with CamScanner